

স্মারক সংখ্যা-০৫.৫০.১০২৭.০০০.১৭.০২৮.২০২৪-৪৭

তারিখ : ০২ মাঘ ১৪৩০  
১৬ জানুয়ারি ২০২৪

### বার্ষিক মেলার দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ধুনট উপজেলার কালেরপাড়া ইউনিয়নের অন্তর্গত বার্ষিক মেলা নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩০ সনে ০১(এক) দিনের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে কালেরপাড়া ইউনিয়নের কাদাই ও কোদলাপাড়া বকচর বার্ষিক মেলার দরপত্র আহ্বান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নোক্ত ক্যালেন্ডার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ধুনট, বগুড়ায় রক্ষিত দরপত্র বাঞ্ছা গ্রহণ করা হবে। দরপত্র দাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাস্তব খোলা হবে। প্রয়োজনীয় অন্যান্য তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

#### মেলা অনুষ্ঠানের তারিখ ও দরপত্র আহ্বানের সময় সূচি

মেলার নাম	মেলা অনুষ্ঠানের তারিখ	দরপত্র বিক্রয়ের শেষ তারিখ	দরপত্র দাখিলের তারিখ ও সময়	দরপত্র খোলার তারিখ ও সময়
কাদাই	৩১ জানুয়ারি ২০২৪ (১৭ মাঘ ১৪৩০, বুধবার)	২১/০১/২০২৪	সকাল ১০ ঘটিকা - দুপুর ২.০০ ঘটিকা	২২/০১/২০২৪ বেলা ২.০০ ঘটিকা
কোদলা পাড়া বকচর মেলা	৭ ফেব্রুয়ারি ২০২৪ (২৪ মাঘ ১৪৩০, বুধবার)			

#### নিম্নলিখিত শর্তগুলো অবশ্যই পালন করতে হবে।

- ১) : দরপত্র দাখিলের সময় দরপত্রে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ “উপজেলা নির্বাহী অফিসার, ধুনট, বগুড়া” বরাবরে যে কোন তফসিলভুক্ত ব্যাংক হতে সংগৃহীত ব্যাংক ড্রাফট দরপত্রের সাথে জমা দিতে হবে।
- ২) : দরপত্র গৃহীত হওয়ার পর অবশিষ্ট ৭০% ভাগ অর্থসহ দরপত্রে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ “এ-ভূমি রাজস্ব” কোড নং ১-৪৬৩৩-০০০০-১২১১, ১০% আয়কর কোড নং ১-১১৪১-০০০০-০১১১ ও ১৫% ভ্যাট কোড নং ১-১১৩৩-০০০০-০৩১১ তে ট্রেজারী চালানের মাধ্যমে জমা প্রদান করতে হবে। অবশিষ্ট ৮০% অর্থ সংশ্লিষ্ট উপজেলা পরিষদে নিজস্ব আয় হিসেবে গণ্য হবে এবং উপজেলা রাজস্ব তহবিলে জমা প্রদান করতে হবে। অন্যথায় তার দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করে উক্ত মেলা পুনরায় নিলাম ডাক দেওয়া হবে।
- ৩) : মেলা পরিচালনা কমিটি, স্বেচ্ছাসেবক দল গঠন, আইন-শৃঙ্খলা রক্ষার ব্যবস্থা গ্রহণের দায়িত্ব ইজারাদারের ওপর বর্তাবে।
- ৪) : মেলায় পর্যাপ্ত আলোর ব্যবস্থা, জেনারেটর ও অগ্নি নির্বাপন ব্যবস্থা থাকতে হবে। কোন অবস্থাতেই অবৈধ কোন বিদ্যুৎ সংযোগ নেয়া যাবে না।
- ৫) : মেলা চলাকালীন মাদকদ্রব্য, জুয়া, হাউজিং, লাকি-৭ ইত্যাদি যে কোন আকার ও প্রকারে হোক না কেন তা নিষিদ্ধ।
- ৬) : মেলায় যাত্রাগান, অসামাজিক অশ্লীল নৃত্য বা এরূপ কোন শো প্রদর্শন এবং ভিসিআর সম্পূর্ণ নিষিদ্ধ।
- ৭) : মেলায় এমন কোন চিত্ত বিনোদন শো যা অসামাজিক দৃষ্টিকটু তা নিষিদ্ধ।
- ৮) : নির্ধারিত দিনে সকাল ৮ টা থেকে রাত ৮ টা পর্যন্ত মেলা চালু থাকবে। প্রাকৃতিক দুর্যোগজনিত কারণে বা যে কোন অবস্থাতে মেলার নির্ধারিত সময় বর্ধিত করা যাবে না।
- ৯) : বে-আইনি কোন কার্যকলাপ উক্ত মেলায় চালু করা যাবে না। অন্যথায় মেলার অনুমতি বাতিল হবে।
- ১০) : সরকারি নীতিমালা সম্বলিত কোন খাজনা কর, ইত্যাদি বরখেলাপ করা যাবে না।
- ১১) : ইজারাদার নিজ দায়িত্বে মেলা অনুষ্ঠানের স্থান পরিচ্ছন্ন রাখবে এবং মেলা সমাপ্ত হওয়ার পর নিজ দায়িত্বে আবর্জনা অপসারণ করবে।
- ১২) : মেলা পরিচালনার অনুমতি পরিপন্থি কোন কার্যকলাপ বা যে কোন শর্ত ভঙ্গ করলে কর্তৃপক্ষ উক্ত মেলা প্রয়োজনবোধে বন্ধ করে দিতে পারবেন।

(মো: আশিক খান)

উপজেলা নির্বাহী অফিসার

ধুনট, বগুড়া

ফোন: ০২৫৮৯৯১০১০১

ই-মেইল: unodhunat@mopa.gov.bd